



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
ভেদরগঞ্জ, শরীয়তপুর  
cooperative.bhedarganj.shariatpur.gov.bd



“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ের উন্নয়ন”


তারিখ : ১৫-০৪-২০২৪ খ্রি.।

স্মারক নম্বর : ৮৭

দুলারচর জনকল্যাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড, নিবন্ধন নম্বর : শরী ১৮, তারিখ : ১০-০৯-২০১৩ খ্রি., গ্রাম : দুলারচর, ডাকঘর : দুলারচর, উপজেলা : ভেদরগঞ্জ, জেলা : শরীয়তপুর এর নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৪) ধারা অনুযায়ী নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠান না করায় বর্তমানে উক্ত সমিতিতে ব্যবস্থাপনা কমিটির শূন্যতা বিরাজ করছে। ব্যবস্থাপনা কমিটির শূন্যতা নিরসনকল্পে ও আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠানসহ দৈনন্দিন কর্মকান্ড পরিচালনার জন্য (সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা অনুযায়ী সরকারী কর্মকর্তা ও সমিতির সদস্যের সমন্বয়ে নিম্নবর্ণিতভাবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেয়া হ'ল) উল্লেখ্য যে, সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী আলোচ্য সমবায় সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার নিম্নে।

ক্র.নং	নাম	পদবী/ঠিকানা	সদস্য নং	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে পদবী
০১	জনাব ফাহিমা আক্তার মোবাইল : ০১৭১৭-১৭৩২২৬ NID :	সহকারি পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় ভেদরগঞ্জ, শরীয়তপুর	--	সভাপতি
০২	জনাব নাসির সরদার মোবাইল : ০১৭৩৬-৭৩৭৮৬৬ NID : 8611451914035	সদস্য, দুলারচর জনকল্যাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড গ্রাম : দুলারচর, ডাকঘর : দুলারচর উপজেলা : ভেদরগঞ্জ, জেলা : শরীয়তপুর	১৩	সদস্য
০৩	জনাব ইমাম হোসেন বেপারী মোবাইল : ০১৯২৬-৫৪৩০৩৯ NID : 861145193786	সদস্য, দুলারচর জনকল্যাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড গ্রাম : দুলারচর, ডাকঘর : দুলারচর উপজেলা : ভেদরগঞ্জ, জেলা : শরীয়তপুর	২৩	সদস্য

নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের জন্য বলবৎ থাকবে। নির্ধারিত সময়সীমার মধ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০), এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করে আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠান পরিচালনা করবেন এবং নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন।

  
(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা  
ভেদরগঞ্জ, শরীয়তপুর।


ই-মেইল : ucovedorgonj@gmail.com

স্মারক নম্বর : ৮৭/১(৬)

তারিখ : ১৫-০৪-২০২৪ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :-

- ০১। জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। জনাব আমির খান, সভাপতি, মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি, দুলারচর জনকল্যাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড। তাঁকে নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৩। জনাব ফাহিমা আক্তার/জনাব নাসির সরদার/জনাব ইমাম হোসেন বেপারী সভাপতি/সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, দুলারচর জনকল্যাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড। তাঁকে মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটির নিকট হতে দায়িত্বভার গ্রহণ করে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করে আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠান পরিচালনাসহ দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করার জন্য বলা হ'ল।
- ০৪। অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ সংক্রান্ত নথি।
- ০৫। অফিস নথি।

  
(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা  
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

